**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM B.C. Manu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন ত্রিপুরার জনজাতি সমাজের প্রতিটি সম্প্রদায়ের রয়েছে ভিন্ন ভিন্ন কৃষ্টি ও সংস্কৃতি। এই সংস্কৃতির রক্ষা, প্রচার ও প্রসারে বর্তমান সরকার সংকল্পবদ্ধ। গতকাল রাতে বীরচন্দ্র মনুর দখল সিং পাড়ায় রাজ্যের সনাতন ধর্মাবলম্বী রু জনগোষ্ঠীর কুলদেবী আমা সংগ্রংমা দেবীর ২৪তম বার্ষিক পূজার উদ্বোধন করে একথা বলেন তিনি। রু সংগ্রংমা মথহ্ আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা।

***************************

**CABINET DECISIONS :**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধীনে মুখ্যমন্ত্রী কন্যা বিবাহ যোজনায় অন্ত্যোদয় পরিবারভুক্ত বিবাহযোগ্য মেয়ে সন্তানের বিবাহের জন্য ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে। ২০ আগস্ট রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল সচিবালয়ের আয়োজিত সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় শ্রদ্ধাঞ্জলি যোজনায় অন্ত্যোদয় পরিবারের কোনও ব্যক্তি প্রয়াত হলে অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ ২ হাজার টাকা থেকে বাড়িয়ে ১০ হাজার টাকা করা হয়েছে। এছাড়াও রাজ্য সরকার সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধীনে চিফ মিনিস্টার স্কিম ফর মেন্টালি চ্যালেঞ্জ পার্সনস নামে একটি নতুন প্রকল্প চালু করবে। এই প্রকল্পের আওতায় শুধুমাত্র মানসিকভাবে দিব্যাঙ্গ ব্যক্তিদের মাসিক ভাতা ৫ হাজার টাকা করে প্রদান করা হবে। খাদ্যমন্ত্রী জানান, আগামী ১৯শে সেপ্টেম্বর রাজ্য বিধানসভার অধিবেশন আহ্বান করার জন্য মন্ত্রিসভা সুপারিশ করেছে।

*****************************

**Bhadro Mela :**

সিপাহীজলা জেলার কমলাসাগরের কসবেশ্বরী কালী মন্দিরে ঐতিহ্যবাহী ভাদ্র মেলা গতকাল থেকে শুরু হয়েছে। ২দিন ব্যাপী এই মেলার উদ্বোধন করে উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন এই পূজার মাহাত্ম তুলে ধরে কসবেশ্বরী মন্দিরকে আধ্যাত্মিক ঐতিহ্য ও সম্প্রীতির প্রতীক বলে অভিহিত করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী সাহা রায়, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, জেলা পুলিশ সুপার বিজয় দেববর্মা প্রমুখ।

***************************

**Nesha Mukt Bharat Abhiyan :**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন সরকার যুবক যুবতীদের স্বাবলম্বী করার জন্য নানা প্রকল্প গ্রহণ করেছে। আত্মনির্ভরশীল হওয়ার জন্য তাদের মানসিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। গতকাল পশ্চিম জেলা সমাজকল্যাণ ও সমাজশিক্ষা পরিদর্শকের কার্যালয় প্রাঙ্গণে প্রশিক্ষণপ্রাপ্ত ২৫ জন যুবক ও যুবতীর মধ্যে সেলাই মেশিন বিতরণ করে একথা বলেন তিনি। নেশামুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসাবে তাদের ১০ দিনব্যাপী সেলাই প্রশিক্ষণ দেওয়া হয়।

******************************

**Governor visits South Tripura :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল দক্ষিন জেলা সফরের শেষদিনে সাব্রুম মহকুমার তৈকুম্বা এডিসি ভিলেজে টিআরপিসি-র রাবার প্রক্রিয়াকরন কেন্দ্র, রাজীবনগর উপস্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন করেন। রাজীবনগরে এফসিআই'র ধান ক্রয় কেন্দ্রেরও উদ্বোধন করেন রাজ্যপাল। তিনি পশ্চিম সাব্রুম গ্রাম পঞ্চায়েতের পূর্ব কাঁঠালছড়ি হাইস্কুলে সীমান্তবর্তী গ্রামগুলির স্ব-সহায়ক দলের সদস্যা সহ বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগীদের সঙ্গে মত

বিনিময় করেন। সাব্রুম থেকে ফেরার পথে ইসকন পরিচালিত বাইখোড়া জগন্নাথ মন্দিরটিও পরিদর্শন করেন।

****************************

**Training on fish Farming :**

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা ও প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনার আওতায় গতকাল সিপাহীজলা জেলার নলছড় মৎস্য জ্ঞানার্জন কেন্দ্রে বিজ্ঞান ভিত্তিক মাছ চাষের ওপর এক প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় পূর্ব নলছড়, পশ্চিম নলছড়, দক্ষিণ নলছড় সহ মোট ৫টি গ্রাম পঞ্চায়েতের মৎস্য চাষীদের মধ্যে মাছ চাষের সামগ্রী বিতরণ করা হয়।

****************************

**Blood Donation :**

প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের ধর্মনগর শাখার উদ্যোগে গতকাল রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ।

***************************

**Bir Bikram Birth Anniversary :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং কিরীট বিক্রম ইনস্টিটিউটের ব্যবস্থাপনায় আরবান রিসোর্স সেন্টারে গতকাল মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্য বাহাদুরের জন্মজয়ন্তী পালন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় বলেন, শিক্ষা, স্বাস্থ্য, পানীয়জল, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ইত্যাদি সর্বক্ষেত্রেই মহারাজের অবদান ছিল অনস্বীকার্য। মহারাজার জন্মজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত প্রবন্ধ

***************************

**First Division :**

টি.এফ.এ পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় কল্যাণ সমিতি জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে তারা ১-০ গোলে টাউন ক্লাবকে হারিয়ে দেয়।

****************************

**Subrata Mukherjee Cup :**

দিল্লীতে সুব্রত মুখার্জি কাপ জাতীয় স্কুল ফুটবলের অনূর্ধ্ব ১৭ বছরের মেয়েদের বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুল গ্রুপের তৃতীয় ম্যাচে জয়লাভ করেছে। গতকাল তেজশ পার্ক মাঠে ত্রিপুরা স্পোর্টস স্কুল ২-০ গোলে আই.পি.এস.ই দলকে পরাজিত করে। জয় পেলেও গোলের ব্যবধানে পিছিয়ে থাকায় ত্রিপুরা স্পোর্টস স্কুল আসর থেকে বিদায় নেয়।

****************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

***************************